# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 19-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

------------------------------------

১। ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত দেশ হিসেবে গড়ে তুলতে জ্ঞান গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে বলে নালন্দা বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ক্যাম্পাস উদ্বোধন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২। করিমগঞ্জ জেলার এংলারবাজারে ভূমিধসে নিহত ৫ জনের নিকটাত্মীয়দের দূর্যোগ মোকাবিলা বিভাগের ৪ লক্ষ টাকা করে এককালীন সাহায্য আগামী ৪৮ ঘন্টার মধ্যে প্রদানের ঘোষণা ।

এবং

৩। চলতি বন্যার পরিপ্রেক্ষিতে আসাম বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বর্তমানের স্নাতক এল এল বি এবং বি এড পরীক্ষার সময়সূচী পরিবর্তন

------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত দেশ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে জ্ঞান এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।আজ বিহারের রাজগীরে  নালন্দা বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত ক্যাম্পাস উদ্বোধন করে শিক্ষার্থী এবং অধ্যাপকদের সম্বোধন করে প্রধানমন্ত্রী বলেন যে নালন্দা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ঐতিহ্য দেশকে গৌরবান্বিত করা সহ শিক্ষা সংস্কৃতিতে বর্হিবিশ্বে দেশের মর্যাদা বৃদ্ধি করেছে ।তিনি বলেন যে নালন্দা বিশ্ববিদ্যালয়

সমগ্র বিশ্বে ভারতের পরিচয় এবং পরম্পরাকে তুলে ধরার এক উজ্জ্বল নির্দশন ।এই বিশ্ববিদ্যালয়কে নতুনরূপে পুনরুজ্জিবীত করার ফলে এর দক্ষতা প্রকাশ করা সহ বিকশিত ভারতের ধারণার প্রদর্শন করা হচ্ছে বলে তিনি মন্তব্য করেন । শ্রী মোদী বলেন এন ডি এ সরকার দেশের প্রাচীন পরম্পরাসমুহের মূল তত্বের ওপর ভিত্তি করে কাজ করে যাচ্ছে এবং উন্নয়ন তথা পরিবেশ সংরক্ষণের ক্ষেত্রেও কাজ অব্যাহত রেখেছে ।প্রধানমন্ত্রী বিশ্ব ঐতিহ্য নালন্দা বিশ্ববিদ্যালয়ের ভগ্নাবশেষও পরিদর্শন করেন ।উল্লেখ্য ভারত এবং ইষ্ট এশিয়া সামিট দেশগুলির যৌথ উদ্যোগে এই বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয়েছে ।

অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে বৈদেশিক পরিক্রমা মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেন যে শিক্ষার বিশ্বজনীন সেঁতু হিসেবে পরিচিত এই বিশ্ববিদ্যালয়ের পুনরুজ্জিবীতকরণে তাঁরা সাক্ষী এবং এই বিশ্ববিদ্যালয় প্রাচীনকালের চাইতেও সুদৃঢ়ভাবে সম্পর্ক গড়ে তুলতে সমর্থ হবে ।আন্তর্জাতিক সমঝোতা এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে শিক্ষা , প্রশিক্ষণ এবং দক্ষতা বৃদ্ধি বিশেষ ফলপ্রসু ভূমিকা পালন করে আসছে বলেও তিনি মন্তব্য করেন । অনুষ্ঠানে বিহারের রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেকার , মুখ্যমন্ত্রী নীতিশ কুমার , ১৭ টি দেশের প্রতিনিধি সহ বহু বিশিষ্ট ব্যাক্তি অংশগ্রহণ করেন ।৪৫০ একর জমিতে নির্মিত অত্যাধুনিক এই ক্যাম্পাসে দুটি শৈক্ষিক ব্লক রয়েছে এতে ৪০ টি শ্রেণী কক্ষে প্রায় ১ হাজার ৯০০ ছাত্রছাত্রীর শিক্ষা গ্রহণের সুবিধা রয়েছে ।এছাড়া ৫০০ ছাত্রছাত্রীর জন্য ছাত্রাবাসের ব্যবস্থা করা হয়েছে ।বিশ্ববিদ্যালয়টিতে ইতিহাস ,পরিবেশ অদ্যয়ন , দর্শন শাস্ত্র , তুলনামূলক ধর্ম ইত্যাদি সহ বিশ্ব শান্তির প্রসার ও ভগবান বুদ্ধের দর্শন গবেষণার জন্য আন্তর্জাতিক সম্পর্ক ও শান্তি অধ্যয়ন প্রতিষ্ঠান স্থাপন করা হয়েছে। উল্লেখ্য ২০১৪ সালে রাজগীরের অস্থায়ী ক্যাম্পাসে এই বিশ্ববিদ্যালয়ের পাঠদান আরম্ভ করা হয়েছিল ।

---

আসামের প্রায় সবকটি জেলায় কিছুদিন ধরে একটানা বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতি ক্রমে জটিল রূপ ধারণ করছে । রাজ্যের ১৫টি জেলার কমপক্ষে ৪৭০ টি গ্রাম বন্যার কবলে পড়েছে । এই বন্যায় এক লক্ষ ষাট হাজারেরও

বেশি লোক ক্ষতিগ্রস্ত হয়েছেন । এবং জেলাগুলিতে স্থাপন করা ৪৩ টি আশ্রয় শিবিরে পাঁচ হাজারেরও বেশি লোক আশ্রয় নিয়েছেন । জেলাপ্রশাসন সমূহ প্রায় ১৮ হাজার লোকের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করছে ।

এদিকে করিমগঞ্জ জেলার বদরপুরের কাছে এংলার বাজারের বেন্দারগুল গ্রামে গতরাত্রে ভূমিধ্বসের ফলে একই পরিবারের পাঁচজন লোকের মৃত্যু হয়েছে । গতরাত্রে প্রায় সাড়ে বারোটা নাগাদ হওয়া এই ভুমিধ্বসে প্রাণ হারানো ব্যক্তিদের মধ্যে চারজন মহিলা এবং একজন পুরুষ রয়েছেন । মৃতরা হচ্ছেন- ৫৫ বছরের রহিমুন নেসা, ১৮ বছরের সাহিদা খানম, ১৬ বছরের জাহিদা খানম, ১১ বছরের কিশোরী হামিদা খানম এবং তিন বছরের একটি শিশু- মেহেদি হাসান । এদিকে দুর্যোগ মোকাবিলা বিভাগের পক্ষ থেকে আগামী ৪৮ ঘন্টার মধ্যে মৃত পাঁচ ব্যক্তির নিকটাত্মীয়দের এককালীন চারলক্ষ টাকা করে অনুদান প্রদান করা হবে বলে উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ জানিয়েছেন । উল্লেখ্য- শ্রী পুরকায়স্থ আজ ভূমিধ্বসে নিহত পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে সমবেদনা জানিয়েছেন । এই ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে রাজ্যের দুর্যোগ মোকাবিলা বাহিনী এবং আপদা মিত্র'র দলের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান আরম্ভ করেছে । এদিকে করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক নির্দেশে বন্যার পরিপ্রেক্ষিতে জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান আজ এবং আগামীকাল বন্ধ ঘোষণা করেছেন । করিমগঞ্জ জেলার লঙ্গাই ও কুশিয়ারা নদীর জলপৃষ্ঠ বৃদ্ধি পাওয়ার পাশাপাশি বৃষ্টিপাত অব্যাহত থাকায় নতুন নতুন অঞ্চল প্লাবিত হওয়ার আশঙ্কা করে এই বন্ধ ঘোষণা করা হয়েছে ।

অন্যদিকে রাতাবাড়ীর বিধায়ক বিজয় মালাকার আজ করিমগঞ্জ জেলার বন্যা কবলিত বিভিন্ন অঞ্চল পরিদর্শন করেছেন । তিনি আজ ভবানীপুর, কৈয়াকুড়ি, গণিপুর, কৃষ্ণ নগর, নগেন্দ্র নগর, জারইলবাড়ী গ্রামের বন্যাক্রান্তদের খোঁজখবর নেনে । এবং প্রশাসনের পক্ষ থেকে ব্যবস্থা করা ত্রাণের বিষয়টির খোঁজ নেন । তিনি দক্ষিণ করিমগঞ্জ উন্নয়ন খন্ডের ১২৬ নম্বর কুড়িকালা এল পি স্কুলের আশ্রয় শিবিরে গিয়েও শরণার্থীদের খোঁজখবর নিয়েছেন।

এদিকে রাজ্যে এবারের বন্যায় এপর্যন্ত ২৬ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে ।

গুয়াহাটি আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের পূর্বাভাসে বলা হয়েছে যে- আগামী ২৪ জুন পর্যন্ত রাজ্যের সবকটি জেলায় হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । কেন্দ্রটি কাছাড়, ডিমা হাসাও, দক্ষিণ কার্বি-আং-লং সহ রাজ্যের ১১ টি জেলায় রেড এলার্ট জারী করেছে । এছাড়া অন্য নটি জেলায় অরেঞ্জ এলার্ট জারী করা হয়েছে । আগামী ২২শে জুন শুরু হতে যাওয়া অম্বুবাচি মেলার সময়েও গুয়াহাটি মহানগর সহ রাজ্যের আবহাওয়া মেঘলা থাকবে বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় জল আয়োগ সূত্রে জানানো হয়েছে যে আজ সন্ধ্য ৬ টায় অন্নপূর্ণাঘাটে বরাকনদী বিপদ সূচক চিহ্নের ৫৬ সেন্টিমিটার নীচে প্রবাহিত হচ্ছে ।এখানে নদীর বিপদসূচক চিহ্ন হচ্ছে ১৯ দশমিক ৮৩ মিটার ।বদরপুরঘাটে বরাকনদী বিপদসূচক চিহ্নের ২ সেন্টিমিটার ওপরে প্রবাহিত হচ্ছে ।মাটিজুড়িতে কাটাখাল নদী বিপদসূচক চিহ্নের ১০ সেন্টিমিটার নীচে এবং করিমগঞ্জে কুশিয়ারা নদী বিপদ সূচক চিহ্নের ৭ সেন্টিমিটার ওপরে প্রবাহিত হচ্ছে । সবকটি নদীর জল বারছে ।

---------------------------------------------------------------------------

বরাক উপত্যকার বিভিন্ন স্থানে বন্যার পরিপ্রেক্ষিতে আসাম বিশ্ববিদ্যালয়ের টি ডি সি ( সি বি সি এস ) ইভেন সেমিষ্টার ও ফাইনাল ইয়ার আন্ডার গ্রেজুয়েট সেকেন্ড সেমিষ্টারের আগামীকাল এবং আগামী শুক্রবারের পরীক্ষাগুলির সময়সূচীর কিছুটা রদবদল করা হয়েছে । এই অনুযায়ী আগামীকালের পরীক্ষা রাষ্ট্র বিজ্ঞান , বায়োটেকনলজি , জিওলোজি , কস্ট একাউন্টিং এবং ইন্ডিয়ান ইকনমি বিষয়ের পরীক্ষা আগামী ২৯শে জুন বিকেলের শিফটে অনুষ্ঠিত হবে । এছাড়া আগামীকালের বিকেলের শিফটের হিস্ট্রি, ম্যাথেমেটিক্স ও জুলজি বিষয়ের পরীক্ষা আগামী ২৯ শে জুন বিকেলের শিফটে অনুষ্ঠিত হবে ।

এদিকে আগামী শুক্রবারের সকালের শিফটের ফিলজফি ও বোটানি আগামী দোসরা জুলাই সকালে এবং বিকেলের শিফটের সোশিওলজি, কম্প্যুটার সায়েন্স, এবং এনথ্রোপলজি বিষয়ের পরীক্ষা দোসরা জুলাই বিকেলে অনুষ্ঠিত হবে । এবং আগামী শুক্রবারের সকালের শিফটের কলা বিভাগের পরিবেশ বিজ্ঞান বিষয়ের পরীক্ষা আগামী ৬ই জুলাই অনুষ্ঠিত হবে ।ঐদিনের বিকেলের শিফটের বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের একই পরীক্ষা ৬ জুলাই বিকেলের শিফটে অনুষ্ঠিত হবে । আসাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডঃ সুপ্রবীর দত্তরায় এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন ।

এদিকে পরীক্ষা নিয়ন্ত্রকের পক্ষ থেকে অপর এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আবহাওয়ার প্রতিকূলতার জন্য বি এড'এর কারিকুলাম ডেভোলাপমেন্ট বিষয়ের পরীক্ষা আগামীকালের পরিবর্তে আগামী ২৯শে জুন অনুষ্ঠিত হবে ।
বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে প্রতিকূল আবহাওয়ার জন্য আগামীকাল ও আগামী শুক্রবারের এল এল বি'র  ল অব ইভিডেন্স এবং প্রিন্সিপলস অফ দ্যা ল অফ টেক্সেশন বিষয়ের পরীক্ষা আগামী পয়লা ও দোসরা জুলাই অনুষ্ঠিত হবে ।

---

শক্তিপীঠ কামাখ্যাধামে আগামী শনিবার থেকে দেশ বিদেশের অগণিত ভক্ত সমাগমে অম্বুবাচি মেলা অনুষ্ঠিত হবে ।এই মেলা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য আসাম সরকার , কামরূপ মহানগর জেলা প্রশাসন এবং অম্বুবাচি মহাযোগ পরিচালনা কমিটি যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।পরিচালনা কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে যে আগামী শনিবার সকাল ৮ টা ৪৩ মিনিট ৩৯ সেকেন্ডে অম্বুবাচির প্রবৃত্তির সঙ্গে সঙ্গে কামাখ্য মন্দিরের দরজা ভক্তদের জন্য বন্ধ হয়ে যাবে ।২৬ জুন সকাল ৬ টায় দেবীর পরম্পরাগত স্নান ও নিত্যে পূজোর পর মন্দিরের দরজা খুলে দেওয়া হবে ।আগামী শুক্রবার থেকে ৩০ শে জুন পর্যন্ত কোনধরণের ভি আই পি বা ভিভিআইপি প্রবেশপত্রের ব্যবস্থা থাকবেনা এছাড়া ২৬ ও ২৭ শে জুন বিশেষ টিকিটের ব্যবস্থাও থাকবেনা বলে কমিটি জানিয়েছে ।ভক্তদেরকে মেলার দিনগুলোতে রাত আটটা পর্যন্ত নীলাচল

পাহারে প্রবেশ করতে দেওয়া হবে ।তবে পান্ডু থেকে কামাখ্য মন্দিরে যাওয়ার পথ রাত ৯ টা পর্যন্ত খোলা থাকবে ।এদিকে অম্বুবাচি উপলক্ষে সমগ্র নীলাচল পাহারকে ধূমপান মুক্ত অঞ্চল হিসেবে ঘোষণা করা হয়েছে । এই উৎসব উপলক্ষে পুলিশ প্রশাসন কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------

কাছাড় জেলা দূর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের অধীনে চুক্তি ভিত্তিক ফিল্ড অফিসারের একটি শূন্য পদ পূরনের জন্য ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান জানানো হয়েছে । বিজ্ঞানে স্নাতক বা একটি বিষয় হিসেবে পরিসংখ্যান ,ভূগোল ,পরিবেশ বিজ্ঞানে স্নাতক বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নূন্যতম ৫০ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক হতে হবে । প্রার্থীর বয়স ৩৫ বছরের মধ্যে হতে হবে । প্রার্থীকে আগামী তেসোরা জুলাই - র মধ্যে ওনলাইনে আবেদন করতে হবে । ওয়েবসাইট হচ্ছে- WWW.CACHAR.GOV.IN

---------------------------------------------------------------------------

শিলচর পৌরসভার কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে শিলচর পৌরসভার বিভিন্ন পরিষেবা প্রদানের মাসুল বৃদ্ধি করেছেন । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে ব্যবসায়িক অনুজ্ঞা পত্র মাশুল , হোল্ডিং মাশুল , পানীয় জলের মাশুল , বাজারে দোকান ঘরের নাম পরিবর্তনের মাশুল বৃদ্ধি করা হয়েছে । এই নির্দেশ গতকাল থেকে কার্য্যকর করা হয়েছে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট রোহন কুমার ঝা ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের কাছাড় জেলার অংশ দিয়ে উগ্রপন্থীদের সম্ভাব্য অনুপ্রবেশ এবং আইন-শৃংখলা পরিস্থিতির নিয়ন্ত্রন সহ অবৈধ চোরাচালান ও গবাদি পশুর পাচার প্রতিরোধে ভারতীয় ফৌজদারী কার্য্যবিধির ১৪৪ ধারার অধীনে সীমান্তে জারী থাকা নিষেধাজ্ঞার মেয়াদ বৃদ্ধি করেছেন । নিষেধাজ্ঞায় জানানো হয়েছে যেভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কেহ সূর্য্যাস্ত থেকে সূর্য্যদয় পর্য্যন্ত চলাফেরা করতে পারবে না । সুরমা নদীতে মাছ ধরতে হলে কাটিগড়া চক্র আধিকারীক থেকে আগাম অনুমতি নিতে হবে

। এছাড়া সীমান্তের পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কেহ ঠেলা , রিক্সা বা অন্যান্য যানবাহন দিয়ে চাল , চিনি , কেরোসিন নিয়ে চলাফেরা করতে পারবেন না । এই নিষধাজ্ঞা কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না এবং আগামী দু মাস এই নির্দেশ বলবৎ থাকবে ।

---------------------------------------------------------------------------